গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৩.৮৫৯

তারিখ : ০২ আশ্বিন, ১৪৩০ / ১৭ সেপ্টেম্বর, ২০২৩

বিষয় : উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা অনুষ্ঠান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নাগেশ্বরী উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ২০ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে সেপ্টেম্বর/২০২৩ মাসের উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বিবেচ্য সভায় উপস্থাপনযোগ্য কোন আলোচ্য বিষয় থাকলে সভা অনুষ্ঠানের পূর্বে তা লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

(কাউছার আহাম্মেদ)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম
টেলিফোন: ০২৫৮৮৮৭৭৮০১
মোবাইল-০১৭৭৪৪৩৪২৫৫

......................................................................
......................................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

৮. মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫, কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৯. জেলা প্রশাসক, কুড়িগ্রাম
১০. উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম
১১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
১২. মেয়র, নাগেশ্বরী পৌরসভা, নাগেশ্বরী, কুড়িগ্রাম
১৩. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
১৪. অফিস নথি

## উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভায় সদস্যগণের উপস্থিতি (অফিসারবৃন্দ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

### তারিখ-২০/০৯/২০২৩

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৭৮৮৩৮২৫৫ | |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৯১৪৭১৬৯৯১ | |
| ৩. | উপজেলা কৃষি অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৬-৪৩৭৬৪৪ | |
| ৪. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১২-৭২৭৪৩৯ | |
| ৫. | উপজেলা মৎস্য অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭২২-৪১০৫৮০ | |
| ৬. | উপজেলা শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৫-০৩৯৬৯৭ | |
| ৭. | উপজেলা সমাজ সেবা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭২৬-৮০৮৪৬৯ | |
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১২-০৩৫২১৫ | |
| ৯. | উপজেলা প্রকৌশলী, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ~~০১৭২২-০৬১১১৩৫~~ 01723393529 | |
| ১০. | সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ০১৭৪৩-৬৯০৮২৪ | |
| ১১. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৯-৫৪৭৫৯২ | |
| ১২. | উপজেলা সমবায় অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৯-৫৪৭৭৮৮ | |
| ১৩. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৮-৯১০৫৬৬ | |
| ১৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭০০৭১৭১৬২ | |
| ১৫. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ০১৭১৬৮৯০৩৬৭ | |
| ১৬. | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৬৯-৪০০১৭৯ | |
| ১৭. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ~~০১৭১২-৩৬৬০০৩~~ 01716654170 | |
| ১৮. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩৭৬৯৫৮৮৫ | |
| ১৯. | ফরেষ্টার, উপজেলা বন বিভাগ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৮-৬৭৩০৮৭ | |

উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভায় সদস্যগণের উপস্থিতি (অফিসারবৃন্দ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

তারিখ-২০/০৯/২০২৩

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২০. | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স,নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৪২-৭৩৭০২৭ | [signature] ২০/০৯/২৩ |
| ২১. | উপজেলা আনসার ভিডিপি অফিসার নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ~~০১৭১৪-৬৭৮৮৩৮~~ 01727853156 | [signature] ২০/০৯/২০২৩ |
| ২২. | সহকারী প্রকৌশলী, বিএমডিএ,নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ~~০১৭১৭-৬৭৮১৪৬~~ ০১৭৫০ ৭৭৪১৬৬ | [signature] ২০/০৯/২০২৩ |
| ২৩. | উপসহকারী প্রকৌশলী, বিএডিসি,নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ~~০১৭০৪-৩৬৬৮৮৪~~ 01761760037 | [signature] 20/09/23 |
| ২৪. | মোঃ আতিকুল ইসলাম, ইউডিএফ, ইউজিডিপি | ০১৮৬৫৪১৪৫৯৩ | |
| ২৫. | উপজেলা পরিসংখ্যান অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | 01735-107454 | [signature] 20/9/23 |
| ২৬. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | 01938-879076 | [signature] 20/09/23 |
| ২৭. | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, নাগেশ্বরী | | |
| ২৮. | মো: জালাল উদ্দিন, ইসলামিক ফাউন্ডেশন। | 01734990124 | [signature] |
| ২৯. | মো: [illegible] উপজেলা [illegible] | 01550042526 | [signature] |
| ৩০. | | | |
| ৩১. | | | |
| ৩২. | | | |
| ৩৩. | | | |
| ৩৪. | | | |
| ৩৫. | | | |
| ৩৬. | | | |
| ৩৭. | | | |
| ৩৮. | | | |

## উপজেলা পরিষদ সভায় সদস্যগণের উপস্থিতি (জনপ্রতিনিধিগণ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

সভার তারিখ-২০/০৯/২০২৩

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫,কুড়িগ্রাম-১ | | |
| ২. | মেয়র, নাগেশ্বরী পৌরসভা | ০১৭১৬-১০১৩২৬ | |
| ৩. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৮-১১৯০৬১ | |
| ৪. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩৫-২০২৬৬১ | |
| ৫. | চেয়ারম্যান, রামখানা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৭৪-৯২৪২৯০ | |
| ৬. | চেয়ারম্যান, রায়গঞ্জ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৪৩-৪৬৯৬৪৫ | |
| ৭. | চেয়ারম্যান, বামনডাঙ্গা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৮০৯১৩৩৩০ | |
| ৮. | চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৪-৬৭৯২৬৮ | |
| ৯. | চেয়ারম্যান, সন্তোষপুর ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩০-৯২০৯৩৩ | |
| ১০. | চেয়ারম্যান, নেওয়াশী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১২-৭৩০১০৫ | |
| ১১. | চেয়ারম্যান, হাসনাবাদ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৪-২৩০৬৭১ | |
| ১২. | চেয়ারম্যান, ভিতরবন্দ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৩-৭৭৩২০৮ | |

## উপজেলা পরিষদ সভায় সদস্যগণের উপস্থিতি (জনপ্রতিনিধিগণ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

সভার তারিখ-১১/০৯/২০২৩

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৩. | চেয়ারম্যান, কালীগঞ্জ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৩-৮৯৭৫৯৮ | |
| ১৪. | চেয়ারম্যান, নুনখাওয়া ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৬-৩৬৯৭১৩ | ১১/০৯/২৩ |
| ১৫. | চেয়ারম্যান, নারায়নপুর ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৪৬-২৯৫৫৭৬ | |
| ১৬. | চেয়ারম্যান, বল্লভেরখাস ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩০-৮৩৯৯২০ | |
| ১৭. | চেয়ারম্যান, কেদার ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৫১-৩৬৯৬৬৬ | 11-09-23 |
| ১৮. | চেয়ারম্যান, কচাকাটা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩৪-৯৬৯০৬৪ | |
| ১৯. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২০. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২১. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২২. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২৩. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নাগেশ্বরী কুড়িগ্রাম

বিষয় : উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোস্তফা জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
তারিখ : ২০ সেপ্টেম্বর ২০২৩
সময় : সকাল ১১.০০ টা
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, নাগেশ্বরী, কুড়িগ্রাম

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা 'পরিশিষ্ট ক' দ্রষ্টব্য

স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রামকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনান্তে উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর বিভিন্ন বিভাগীয় আলোচনা শুরু করা হয়।

আলোচনা ও সিদ্ধান্তঃ

| আলোচ্যসূচি/প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। নাগেশ্বরী পৌরসভা | সভায় মেয়র নাগেশ্বরী পৌরসভা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনা বৃদ্ধিতে হাট-বাজার ও বিভিন্ন জনবহুল স্থানে লিফলেট বিতরণ করা হচ্ছে। ডেঙ্গু মশার লাভা বিনাশে নিয়মিত কার্যক্রম চলমান আছে।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরে পৌরসভার আওতাধীন রাস্তা সমূহ দীর্ঘদিন সংস্কার না করায় চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। এমতাবস্থায় রাস্তাসমূহ জরুরী ভিত্তিতে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থগ্রহণের জন্য মেয়র নাগেশ্বরী পৌরসভাকে অনুরোধ জানান। এ বিষয়ে মেয়র নাগেশ্বরী পৌরসভা জরুরী ভিত্তিতে রাস্তাসমূহ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বস্ত করেন। | ডেঙ্গু প্রতিরোধ ও উপজেলা পরিষদের অভ্যন্তরে পৌরসভার আওতাধীন রাস্তা সমূহ সংস্কারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মেয়র, নাগেশ্বরী পৌরসভা।<br>২। সংশ্লিষ্ট সকল |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ। | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, হাসপাতালের অভ্যন্তরে পানি নিষ্কাশনের জন্য প্রয়োজনীয় ড্রেনেজ ব্যবস্থা না থাকায় পানি জমে চলাচলের অসুবিধা হয় ও দূর্গন্ধ ছড়ায়। এতে সাধারণ রোগী ও দর্শনার্থীগণের দূর্ভোগ পোহাতে হচ্ছে। এমতাবস্থায় তিনি ড্রেন সংস্কার ও নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>তিনি আরো জানান, বর্তমানে ডেঙ্গুর প্রকোপ বেড়ে গেছে। জ্বর দেখা দিলেই ডেঙ্গু পরীক্ষা করতে হবে। কোনভাবেই ব্যাথানাশক ঔষধ খাওয়া যাবে না। বাসা বাড়ির আশপাশ মশামুক্ত রাখতে নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে যাতে মশার লার্ভা জন্মাতে না পারে।<br>জরায়ু ক্যান্সার প্রতিরোধে ১০-১৪ বছর বয়সী কিশোর কিশোরীদের টীকা প্রদান কর্মসূচী চালু আছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় প্রচার-প্রচারণার জন্য অনুরোধ করেন। এছাড়া জলাতঙ্ক প্রতিরোধে কুকুর, বিড়াল কামড় দিলে হাসপাতালে এসে ভ্যাকসিন নেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করেন। | হাসপাতালের অভ্যন্তরের পানি নিষ্কাশনে ড্রেনেজ ব্যবস্থা চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে প্রয়োজনীয় প্রচার প্রচারনা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২। চেয়ারম্যান, সকল ইউপি |
| ৩। উপজেলা কৃষি বিভাগ। | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, চলতি মৌসুমে ২৪৫০০ হেক্টর জমিতে রোপা আমন চাষের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। নদী অঞ্চলে বন্যার ফলে রোপা আমন চারা নষ্ট হয়ে যাওয়ার ফলে নতুন চারা রোপন করা হয়েছে। ক্ষতি গ্রস্থ ২০০জন কৃষকদের মাঝে মাসকালাই বীজ বিতরণ করা | রোপা আমন মৌসুমে কৃষকদের নিয়মিত পরামর্শ প্রদান ও কৃষি প্রণোদোনা বিতরণে প্রকৃত কৃষক যাচাই-বাছাইপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |

| আলোচ্যসূচি/প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | হয়েছে। ৮২৯৫জন প্রান্তিক কৃষকদের মাঝে প্রণোদোনা বরাদ্দ পাওয়া গেছে। সংশ্লিষ্ট সকলকে নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে কৃষকের তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | | |
| ৪। উপজেলা মৎস্য বিভাগ। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। ২৪ জুলাই হতে মৎস্য সপ্তাহ শুরু হয়েছে আগামী ৩০ জুলাই পর্যন্ত সফলভাবে সমাপ্ত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। এছাড়া তিনি জানান কিছু অসাধু মৎস্যচাষী বিলের মাছ ধরার জন্য বৈদ্যুতিক তার বিলের পানিতে ফেলে দিয়ে মাছ ধরছে যা অমানবিক কাজ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | বৈদ্যুতিক তার বিলের পানিতে ফেলে দিয়ে মাছ আহরণকারীর বিরুদ্ধে ফৌজদারি মামলা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা মৎস্য কর্মকর্তা<br>৩। অফিসার ইনচার্জ |
| ৫। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। অত্র উপজেলার সকল ইউনিয়নে ছাগলের রোগ প্রতিরোধে বিনামূল্যে এক লাখ সাত হাজার ডোজ পিপিআর ভ্যাকসিন প্রদান করা হবে। এছাড়া নাগেশ্বরী ২নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩বছর মেয়াদে স্কুল মিল্ক কর্মসূচী চলমান আছে। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | পিপিআর ভ্যাকসিন প্রদানে প্রয়োজনীয় প্রচার-প্রচারণা ও শতভাগ ভ্যাকসিন প্রদান নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৬। উপজেলা প্রকৌশল বিভাগ। | উপজেলা প্রকৌশলী জানান যে, নাগেশ্বরী উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম চলমান আছে। নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সমাপ্ত হবে মর্মে জানান। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | প্রকল্পসমূহ বাস্তবায়নে সার্বিক তদারকি ও কাজের গুণগত মান বজায় রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৭। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান, প্রাথমিক বিদ্যালয় সমূহের শিক্ষার মান নিশ্চিতে নিয়মিত মনিটরিং চলছে। এছাড়া তিনি জানান, অত্র উপজেলার ১২টি প্রাথমিক বিদ্যালয়ের ভবন মেরামতের প্রাক্কলন মোতাবেক কার্যক্রম চলমান আছে জানিয়ে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | প্রাথমিক বিদ্যালয়ের ভবন মেরামতের কাজ সার্বিক তদারকি ও কাজের গুণগত মান বজায় রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ৮। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে জানান। অতঃপর কোন বক্তব্য না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, এইচএসসি, আলিম, ডিগ্রী পরিক্ষা চলমান রয়েছে। সুষ্ঠুভাবে পরীক্ষাগ্রহণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | নকলমুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা খাদ্য বিভাগ। | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, VWB, TCB প্রোগামের জন্য প্রয়োজনীয় চাল মজুদ আছে। বর্তমানে কোন সমস্যা নেই জানিয়ে বক্তব্য শেষ করেন। | VWB, TCB প্রোগ্রামে মানসম্মত চাল সরবরাহের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১। উপজেলা সমাজসেবা বিভাগ। | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, নতুন করে বয়স্ক, বিধবা, স্বামী পরিত্যাক্তা ও প্রতিবন্ধী ভাতা অনলাইন আবেদন শুরু হয়েছে। আগামী ১০/০৯/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। পরে বরাদ্দ পাওয়া সাপেক্ষে ভাতা প্রদান করা হবে। এবিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন । অতঃপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | নতুন করে বয়স্ক, বিধবা, স্বামী পরিত্যাক্তা ও প্রতিবন্ধী ভাতা বরাদ্দ সাপেক্ষে ভাতা প্রদানের লক্ষ্যে যোগ্য সুবিধাভোগী যাচাই-বাছাই নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, চলতি অর্থবছরে টিআর, কাবিখা ও কাবিটা প্রকল্পের বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ মোতাবেক প্রকল্প তালিকা দ্রুত প্রেরণের জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার প্রকল্পসমূহের তালিকা প্রস্তাব রেজুলেশনসহ প্রেরণের জন্য ইউনিয়ন চেয়ারম্যানগণকে বিশেষ ভাবে অনুরোধ করেন। | বরাদ্দ অনুযায়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ প্রকল্প প্রস্তাব রেজুলেশনসহ প্রেরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |

| আলোচ্যসূচি/প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৩। উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। | সহকারী প্রোগ্রামার জানান, সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী বদলী ও নতুন কর্মকর্তা কর্মচারী যোগদান করেছেন কিন্তু ওয়েব পোর্টালে কর্মকর্তা কর্মচারীর তথ্য হালনাগাদ করা হয়নি। যেসকল দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ নাই তাদের হালনাগাদ করার জন্য অনুরোধ করেন এবং হালনাগাদের বিষয়ে প্রয়োজনীয় সহায়তা করার আশ্বাস প্রদান করেন। অতঃপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা সহকাদরী প্রোগ্রামার সার্বিক সহযোগিতা করবেন। | ১। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৪। উপজেলা মহিলা বিষয়ক বিভাগ। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। ২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দ এখন পর্যন্ত পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া গেলে তা সভায় উপস্থাপন করা হবে মর্মে জানান। গরীব অসহায় মহিলাদের সেলাই প্রশিক্ষণ কর্মসূচী চলমান আছে। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৫। উপজেলা যুব উন্নয়ন বিভাগ। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। যুবদের মাঝে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে জানিয়ে বক্তব্য শেষ করেন। | ঋণ বিতরণ ও শতভাগ আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, নাগেশ্বরী পৌর এলাকায় ৩ কিলোমিটার ড্রেন নির্মাণ কার্যক্রম শেষ হয়েছে। ৫৩ কিলোমিটার সুপেয় পানির লাইন নির্মাণ করা হয়েছে এবং ৫১০টি বাড়িতে পানির সংযোগ প্রদান কার্যক্রম চলমান রয়েছে মর্মে জানান। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। |
| ১৭। কুড়িগ্রাম লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী জোনাল অফিস। | ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি জানান বর্তমানে অতিরিক্ত তাপদাহ ও জ্বালানী সংকট জনিত কারণে বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি মোকাবেলায় সকলকে বিদ্যুৎ সাশ্রয়ে আন্তরিক হওয়ার অনুরোধ জানান। বকেয়া আদায়ের লক্ষ্যে সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ডি,জি,এম কুড়িলা পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী যোনাল অফিস।<br>২। দপ্তর প্রধান (সকল)<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৮। উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, অত্র উপজেলার আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীগণের মধ্যে সমবায় সমিতি নিবন্ধন কার্যক্রম চলমান আছে। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৯। উপজেলা নির্বাচন বিভাগ। | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে এ উপজেলায় ১৩৭টি ভোট কেন্দ্রে ৭২৩ বুথ স্থাপন করা হবে। ১৪ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত নিবন্ধিত ভোটারগণ ভোট দিতে পারবেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে তার বক্তব্য শেষ করেন। | ভোটকেন্দ্র সমূহের সার্বিক অবস্থা পর্যবেক্ষণ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবগত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার |
| ২০। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বর্তমানে তার দপ্তরের ভবন মেরামতের কাজ শেষ পর্যায়ে। এছাড়া মাঠ পর্যায়ে ঋণ প্রদান ও খেলাপি ঋণ আদায় কার্যক্রম চলমান আছে মর্মে জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | বকেয়া ঋণ আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২১। উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা বন কর্মকর্তা |
| ২২। উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, আসন্ন নির্বাচন উপলক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |

| আলোচ্যসূচি/প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২৩। উপজেলা বিএমডিএ বিভাগ। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (বিএমডিএ) তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান। তিনি জানান অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের সেচ অবকাঠামো পূর্নবাসন (আরআইআই) শীর্ষক প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে উন্নয়নমূলক কর্মকান্ডের জন্য ১০টি গভীর নলকূপ খনন, ২৫টি পাম্পঘর পুনঃনির্মাণ এবং ৪৮টি পাম্প মেরামত কার্যক্রম কিছুদিনের মধ্যে শুরু হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে তার বক্তব্য শেষ করেন। | যথাসময়ে প্রকল্প কার্যক্রম সমাপ্ত ও গুণগত মান নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ২৪। উপজেলা বিএডিসি বিভাগ। | উপজেলা বিএডিসি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিএডিসি কর্মকর্তা |
| ২৫। ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স তার অফিসের নিরাপত্তার জন্য সোলার স্ট্রীট লাইট প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। এ বিষয়ে মেয়র, নাগেশ্বরী পৌরসভা স্ট্রীট লাইট প্রদানে আশ্বাস প্রদান করেন। মেয়র, নাগেশ্বরী পৌরসভা আরো জানান, অগ্নিকান্ড সংঘটিত যেসকল স্থানে ফায়ার সার্ভিস বাহিনী অগ্নিনির্বাপনের জন্য যায় সে সকল ক্ষতিগ্রস্থ পরিবারের বা প্রতিষ্ঠানের ক্ষয়ক্ষতির প্রত্যয়ন প্রদান করলে পরবর্তীতে সংশ্লিষ্ট পরিবার/প্রতিষ্ঠানকে আর্থিক সহায়তা প্রদান সহজ হয়। | অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ পরিবার/প্রতিষ্ঠানের অনূকূলে ক্ষয়ক্ষতির প্রত্যয়ন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্টেশন অফিসার |
| ২৬। উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, |
| ২৭। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, মাঠ পর্যায়ে ঋণ প্রদান ও আদায় কার্যক্রম চলমান আছে। অতপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৮। বিবিধ আলোচনা-১ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত যেসকল অফিসের নিরাপত্তা প্রহরী রয়েছে তাদের সঠিকভাবে দায়িত্ব পালন নিশ্চিত করার জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ করেন। | সরকারি অফিসে নিয়োজিত নিরাপত্তা প্রহরীগণের দায়িত্ব সঠিকভাবে পালনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | দপ্তর প্রধান (সকল) |
| ২৮। বিবিধ আলোচনা-২ | চেয়ারম্যান, কেদার, ভিতরবন্দ ও নুনখাওয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান, সংশ্লিষ্ট ইউনিয়নের বিভিন্ন রাস্তায় কিছু ঝুঁকিপূর্ণ গাছ রয়েছে ফলে জনসাধারণের চলাচলে অসুবিধা হচ্ছে। গাছগুলো অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ফরেস্টার, বন বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় | ১। ফরেস্টার, বন বিভাগ<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২৮। বিবিধ আলোচনা-৩ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদ গেজেটেড কোয়ার্টার এর দ্বিতীয় তলা মেরামতের অভাবে জরাজীর্ন ও ব্যবহার অনুপযোগী হওয়ায় যে কোন সময় দূর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে তাই সংস্কার করা একান্ত জরুরী। সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। | জরুরী বিবেচনায় উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার এর দ্বিতীয় তলা মেরামতের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |

উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে আগস্ট/২০২৩ সম্মানী ভাতা, মজুরী, অনুদান/সাহায্য ও অন্যান্য বাবদ সর্বমোট= ৩,০৪,৪০০/- (তিন লক্ষ চার হাজার চারশত) টাকার ব্যয় সকলের সম্মতিক্রমে অনুমোদন করা হলো। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলেকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোস্তফা জামান)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৩- ৮৬৮

তারিখ : ০৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২০ সেপ্টে. ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫, কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ , স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।
৭. চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৮. উপজেলা ..............................................................................অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৯. চেয়ারম্যান, ...........................................................................ইউপি (সকল), নাগেশ্বরী, কুড়িগ্রাম।
১০. জনাব .............................................................................................. নাগেশ্বরী, কুড়িগ্রাম।
১১. অফিস কপি।

২০/০৯/২৩

(কাউছার আহাম্মেদ)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম